

Growing up **2030** in a digital world

GOVERNING HEALTH FUTURES
THE LANCET & FINANCIAL TIMES COMMISSION


দ্য ল্যানসেট অ্যান্ড ফিন্যান্সিয়াল টাইমস কমিশন পরিচিতি

স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ ২০৩০: ডিজিটাল দুনিয়ায় বেড়ে ওঠা (জিএইচফিউচারস২০৩০) বিষয়ক এক প্রতিবেদনে বিভিন্ন খাত, বিশেষজ্ঞ জ্ঞান, ও পটভূমি থেকে আগত কমিশনাররা তাঁদের দিকনির্দেশনা, বুদ্ধিবৃত্তিক মতামত ও চিন্তাভাবনা প্রদান করছেন। প্রতিবেদনটি ২০২১ সালে *দ্য ল্যানসেট*-এ প্রকাশিত হয়, এবং এতে টেকসই উন্নয়ন অর্জনের (এসডিজি) তৃতীয় অষ্টম অর্জনে সহায়তা করতে, বিশেষত আজকের শিশু ও যুবা এবং আগামী প্রজন্মের উপর দৃষ্টি নিবদ্ধ রেখে, সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষার (ইউনিভার্সাল হেলথ কাভারেজ) সঙ্গে ডিজিটাল স্বাস্থ্য, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং অন্যান্য অগ্রসর প্রযুক্তির সমন্বয়ী যাত্রার অভিমুখ যাচাই করা হয়।

আরও তথ্যের জন্য দেখুন:

www.governinghealthfutures2030.org


স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ ২০৩০ (জিএইচফিউচারস২০৩০) যুবা নেটওয়ার্ক



ডিজিটাল প্রযুক্তি ও ডেটা স্বাস্থ্যের বৈশ্বিক মানচিত্র বদলে দিচ্ছে। আর আজকের এই ডিজিটাল দুনিয়ায় বেড়ে ওঠার বাস্তবতা বিশ, দশ, এমনকি পাঁচ বছর আগের থেকেও অনেক ভিন্নতর। কোভিড-১৯-কালে আগের যেকোনো সময়ের চেয়ে স্পষ্টতর হয়েছে যে ডিজিটাল রূপান্তর ত্বরান্বিত হওয়ার প্রভাব অন্যদের চেয়ে যুবাদের ওপর অনেক বেশি মাত্রায় পড়েছে, এবং তাই স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ বিষয়ক বৈশ্বিক ও স্থানীয় আলোচনায় পরিবর্তনের মূল নিয়ামক।

২০২১ সালে *দ্য ল্যানসেট* ও ফিন্যান্সিয়াল টাইমস কমিশন-এর প্রতিবেদন স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ ২০৩০: ডিজিটাল দুনিয়ায় বেড়ে ওঠা এর মাধ্যমে জিএইচফিউচারস২০৩০ যুবা নেটওয়ার্ক উদ্বোধন করা হয়, যা ভবিষ্যৎ গবেষণা, অ্যাডভোকেসি ও প্রতিবেদনটির প্রচারে একযোগে কাজ করা ও নেতৃত্ব দেওয়ার একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

এই নেটওয়ার্কে সামিল হবেন ৩০ বছরের কম বয়সী সেসব ব্যক্তি যারা যুবাদের স্বাস্থ্য ও কল্যাণে এবং স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ গড়ে তোলার কাজে নিয়োজিত। নেটওয়ার্কটির অষ্টম হলো শিশু ও যুবাদের চাহিদার দ্বারা উদ্বুদ্ধ ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থাপনা তৈরিতে নিবেদিত একটি আন্দোলন গড়ে তোলা, যুবাদের সঙ্গে নিয়ে এবং যুবাদের জন্য সংলাপ, অনুষ্ঠান ও কর্মকাণ্ড আয়োজন ও পরিচালনা করা।





যুবা দল

কমিশনের কাজকে বিস্তৃত করতে এবং আগামীর স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য যুবাদের সরাসরি কর্মকাণ্ড ও সংলাপে সম্পৃক্ত করতে, ২০২০ সালে কমিশন সচিবালয়ের যুবা দল তৈরি করা হয়।

যুব দলের লক্ষ্য হলো:

- কমিশনার ও যুবাদের মধ্যে আন্তর্জাতিক, আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে পরামর্শমূলক প্রক্রিয়া বেগবান করা যাতে আন্তঃপ্রজন্মমূলক পদক্ষেপ এবং প্রতিবেদনের সুপারিশমালার মালিকানা নিশ্চিত করা যায়
- স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ বিষয়ে নতুন গবেষণা ও সংলাপ কেমন হবে তার অভিমুখ ঠিক করা
- কমিশনের প্রতিবেদনের যেসব দিক যুবাদের জন্য বিশেষ আগ্রহের বিষয় সেসব দিকের ওপর মনোযোগ দেওয়া।

কীভাবে যোগদান করা যাবে

আমরা এমন একটি নেটওয়ার্ক গড়ে তুলতে চাই যা হবে বিশ্বজুড়ে আমাদের প্রতিনিধিত্বকারী যুবাদের মতোই বৈচিত্র্যময় ও বহু-জ্ঞানশাস্ত্রীয়, এবং যা সব ভৌগোলিক পরিসর ও খাত থেকে অংশগ্রহণকে উৎসাহিত করবে যোগদান করতে, অনুগ্রহ করে এই এক মিনিটের ছোট গুগল ফর্মটি পূরণ করুন।

আর কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে এই ঠিকানায় যোগাযোগ করুন

youth.ghfutures2030@graduateinstitute.ch

প্রধান উদ্দেশ্যসমূহ

জিএইচফিউচারস২০৩০ যুবা নেটওয়ার্ক যা যা করবে:

- স্বাস্থ্য, প্রযুক্তি, ও ডেটা সম্পর্কিত নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে যুবাদের আরও সম্পৃক্ত করার জন্য সকল ভৌগোলিক ও জ্ঞানশাস্ত্রীয় পরিসরের যুবাদের সাথে কাজ করা
- অন্তর্ভুক্তি, গণতন্ত্র, সংহতি, ন্যায্যতা, এবং মানবাধিকারের সাধারণ মূল্যবোধ দ্বারা চালিত হয়ে কমিশনের অনুসন্ধানে প্রাপ্ত ফলাফল কেন্দ্রিক অ্যাডভোকেসি ও প্রচারে সহায়তা করা
- নীতিনির্ধারকদের জনস্বাস্থ্যের প্রতি দায়বদ্ধতার এবং প্রযুক্তি ও ডেটার ন্যায্যসঙ্গত ও দায়িত্বশীল ব্যবহারের জন্য তাঁদেরকে জবাবদিহি করা
- স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ গড়ার জন্য নীতিগত পরিবর্তনে নিয়োজিত অন্যান্য নেটওয়ার্কের সাথে সহযোগিতা করা
- যুবাদের কণ্ঠস্বর ছড়িয়ে দেওয়া এবং ডিজিটাল দুনিয়ায় স্বাস্থ্য ব্যবস্থাপনার ভবিষ্যৎ বিষয়ক গবেষণা, অ্যাডভোকেসি ও প্রচারে একযোগে কাজ করা ও নেতৃত্ব দেওয়ার জন্য নেটওয়ার্কের সদস্যদের পরামর্শ ও প্রশিক্ষণ দান।

